# দৈনিক বাংলা

তারিখ 19 FEB 1990
পৃষ্ঠা ৫ কলাম ৬

## সরকারী স্কুলে

## ডবল শিফট

রাজধানীর সরকারী স্কুল সমূহে ছাত্র/ছাত্রী ভর্তির মাত্রাতিরিক্ত চাপের কারণে শীর্ষস্থানীয় স্কুল সমূহে ডাবল শিফট চালু করার ব্যাপারে বিভিন্ন পত্র পত্রিকায় যে অভিমত প্রকাশিত হয়েছে তার প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। পরিস্থিতি মোকাবিলার জন্য উল্লেখিত স্কুল গুলিতে একাধিক শিফট চালু করা অপরিহার্য তা বলাই বাহুল্য। তবে আমি মনেকরি, গভঃল্যাব স্কুলসহ শীর্ষ স্থানীয় সরকারী স্কুল সমূহের প্রতিটিতে ৩টি করে সেকশন সহ প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত সকল স্তরে ডাবল শিফট চালু করার ব্যবস্থা নেওয়া পরিস্থিতি মোকাবিলার প্রকৃষ্ট উপারয়। বিষয়টি বিবেচনা করার জন্য আমি জন শিক্ষা অধিদপ্তরের দৃষ্টি আকর্ষন করছি। এবং গত ১৪ই জানুয়ারী, ৯০-এ, গৃহীত ভর্তি পরীক্ষার নম্বরের আলোকে পছন্দ ক্রমের গুরুত্ব অনুযায়ী পুনঃভর্তি তালিকা প্রনয়ণ করে বর্তমান শিক্ষা বর্ষ থেকে সরকারী স্কুল গুলিতে অধিক সংখ্যক ছাত্র-ছাত্রীকে অধ্যয়নের সুযোগ দানের জন্য সবিশেষ অনুরোধ জানাচ্ছি।

গোলাম মোহাম্মদ
৮৬/১ কলাবাগান
বশির উদ্দীন রোড
ঢাকা-৫।